**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 20-01-2026 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভারত কখনই অনুপ্রবেশকারীদের তার নাগরিকদের অধিকার এবং দরিদ্রদের জন্য নির্ধারিত পরিষেবা লুঠ করতে দেবেনা বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন।

২) রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী তদারকির জন্য আরো ১২ জন রোল অবজারভার নিয়োগ করেছে নির্বাচন কমিশন। এসআইআর নিয়ে হিংসা রুখতে রাজ্যপাল সিভি আনন্দ বোস ১৫ দফা পরামর্শ দিয়েছেন।

৩) এসআইআর-এর শুনানি নিয়ে হয়রানির অভিযোগে আজও জেলায় জেলায় বিক্ষোভের খবর পাওয়া গেছে।

৪) সাম্প্রতিক অশান্তির পরিপ্রেক্ষিতে ৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে বেলডাঙ্গায় পাঠাতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) রাজ্যের বিভিন্ন সংস্থার তৈরি ৪৫ টি ওষুধের নির্দিষ্ট কিছু ব্যাচ গুণমান পরীক্ষায় ব্যর্থ হয়েছে।

৬) ৪৯ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় আগামী বৃহস্পতিবার শুরু হচ্ছে।

---

ভারত কখনই অনুপ্রবেশকারীদের তার নাগরিকদের অধিকার এবং দরিদ্রদের জন্য নির্ধারিত পরিষেবা লুঠ করতে দেবেনা বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। নতুন

দিল্লীতে আজ বিজেপির সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, অনুপ্রবেশ হল বর্তমানে দেশের সবচেয়ে বড় সমস্যা। যেসব রাজনৈতিক দল অনুপ্রবেশকারীদের আশ্রয় দিচ্ছে, তাদের প্রকৃত স্বরূপ জনগণের সামনে তুলে ধরতে হবে।

বাইট মোদী

উল্লেখ্য, ঐ অনুষ্ঠানেই নব নির্বাচিত বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, জেপি নাড্ডা ও নীতিন গড়করি শ্রী নবীনকে সম্বর্ধিত করেন।

-------------------

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী তদারকির জন্য আরো ১২ জন রোল অবজারভার নিয়োগ করেছে নির্বাচন কমিশন। প্রতিবেশী রাজ্য ও দিল্লীতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে কর্মরত আইএএস আধিকারিককে রোল অবজারভার হিসেবে দায়িত্ব দেওয়া হচ্ছে। নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় কোনো যোগ্য ভোটারের নাম যাতে তালিকা থেকে বাদ না পড়ে, তা নিশ্চিত করাই হবে এই পর্যবেক্ষকদের মূল দায়িত্ব। তাঁরা পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে অবস্থান করবেন এবং দাবিদাওয়া ও আপত্তি নিষ্পত্তি থেকে শুরু করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়ার ওপর নজরদারি চালাবেন। এই নিয়ে দফায় দফায় রাজ্যে মোট ৩৭ জন রোল অবজারভার নিয়োগ করা হল।

এদিকে, ‘ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী’-SIR প্রক্রিয়ার পরবর্তী ধাপে আজ থেকেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে সিইও মনোজ কুমার আগরওয়ালের তদারকিতে শুরু হয়েছে বিশেষ পর্যবেক্ষণ। সদ্য নিযুক্ত চার স্পেশাল

রোল অবজার্ভারের নেতৃত্বে চলছে এই নজরদারি পর্ব। সঙ্গে রয়েছেন ৪০ জন মাইক্রো অবজার্ভার।

-------------------

এসআইআর আবহে রাজ্যের বিভিন্ন এলাকায় সাম্প্রতিক অশান্তির প্রেক্ষিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস হিংসা রুখতে প্রশাসনের উদ্দেশে ১৫ দফা পরামর্শ দিয়েছেন । এর মধ্যে রয়েছে গোয়েন্দা নেটওয়ার্ক আরও বিস্তৃত ও শক্তিশালী করা, কেন্দ্রীয় ও রাজ্য গোয়েন্দা সংস্থা এবং স্থানীয় তথ্যসূত্রের মধ্যে সমন্বয় বাড়ানোর পাশাপাশি, আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে রিয়েল টাইম গোয়েন্দা তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের পরিকাঠামো গড়ে তোলা। বর্তমান সমস্যাগুলির গভীর অধ্যয়ন, জনমনে আলোড়ন সৃষ্টিকারী ইস্যুগুলির উপর বিশেষ নজরদারি এবং উত্তেজনার কেন্দ্রবিন্দু চিহ্নিত করার কথাও বলা হয়েছে। রাজ্যের বিস্তৃত আন্তর্জাতিক সীমান্ত জুড়ে কেন্দ্র ও রাজ্যের যৌথ গোয়েন্দা কাঠামো আরও কার্যকরভাবে গড়ে তোলা সহ আরও বেশ কিছু পরামর্শ দিয়েছেন রাজ্যপাল।

-------------------

এসআইআর নিয়ে হয়রানির অভিযোগে আজও জেলায় জেলায় বিক্ষোভের খবর পাওয়া গেছে।

জলপাইগুড়িতে BDO অফিসের সামনে তৃণমূল কংগ্রেস-এর বিক্ষোভকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। তাদের অভিযোগ, স্থানীয় এক মহিলা পরিবারের সদস্যদের নিয়ে শুনানিতে উপস্থিত হলে বিডিও তাদের বাংলাদেশী তকমা দিয়ে নথিপত্র গ্রহণ করেন নি। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশ বাহিনী।

উত্তর ২৪ পরগনার সন্দেশখালির ন্যাজাটে বিডিও অফিসে এস আই আর-এর শুনানি  চলাকালীন ভোটারদের একাংশের বিক্ষোভে পরিস্থিতি অশান্ত হয়ে ওঠে। বিডিও অফিসে ভাঙচুর চালায় তারা। জেলার বাদুড়িয়া যদুরহাটি কুলবেড়িয়া হসপিটাল মোড়ে আসআইআর-এর নামে হেনস্থার অভিযোগে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় গ্রামবাসীরা।

এদিকে বারাসাতের কাজিপাড়া এলাকায় একই অভিযোগে আজ রাস্তা অবরোধ করেন স্থানীয়রা।

দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীতে রাজ্য সড়ক অবরোধ করে টায়ার জ্বালিয়ে প্রতিবাদ বিক্ষোভে সামিল হন এলাকাবাসী।

পূর্ব বর্ধমানে জামিয়াত উলেমা হিন্দ-এর তরফে বর্ধমান স্টেশন থেকে কার্জন গেট পর্যন্ত মিছিল করে জেলাশাসকের দপ্তরে স্মারকলিপি জমা দেওয়া হয়।

অন্যদিকে, শুনানির সময় সাধারণ মানুষের হয়রানির প্রতিবাদে কলকাতায় মুখ্যনির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে প্রদেশ কংগ্রেসের বিক্ষোভ কর্মসূচীকে কেন্দ্র করে ধুন্ধুমার বাধে। পুলুইশের ব্যারিকেড ভেঙে কংগ্রেস নেতা কর্মীরা এগিয়ে যাওয়ার চেষ্টা করলে দু পক্ষের ধ্বস্তাধ্বস্তি বাধে। পরে রাস্তায় বসে পড়ে অবস্থান বিক্ষোভ শুরু করেন তারা। এরপর পুলিশ প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সহ বেশ কয়েকজন নেতা কর্মীকে আটক করে প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায়।

------------------

ঝাড়খন্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় বেলডাঙায় সাম্প্রতিক অশান্তির প্রেক্ষিতে ঐ জেলায় থাকা ৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকে

বেলডাঙ্গায় ব্যবহারের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ আজ এ সংক্রান্ত জনস্বার্থ মামলার শুনানিতে জানিয়েছে, কেন্দ্রীয় সরকার প্রয়োজন মনে করলে NIA-কে দিয়ে তদন্ত করাতে পারে। এলাকায় যাতে শান্তি বজায় থাকে, তা সুনিশ্চিত করার দায়িত্ব জেলাশাসক এবং পুলিশ সুপারের। রাজ্য সরকারকে এব্যাপারে দুই সপ্তাহের মধ্যে হলফনামা জমা দিতে নির্দেশ দিয়েছে আদালত। সেখানে জানাতে হবে, কোথায় কত বাহিনী মোতায়েন করা হয়েছে এবং কিভাবে তাদের ব্যবহার করা হচ্ছে। পরের ২ সপ্তাহের মধ্যে মামলাকারীরা তাদের বক্তব্য জানাতে পারবেন। বেঞ্চ আরও জানায়, মুর্শিদাবাদের সাধারণ মানুষের জীবন, সম্পত্তি, নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে উদ্বিগ্ন আদালত। প্রয়োজনে কেন্দ্রের কাছ থেকে আরও বাহিনী চাইতে পারে রাজ্য।

উল্লেখ্য, বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবিতে কলকাতা হাইকোর্টে বিজেপি এবং স্থানীয় বাসিন্দাদের তরফে দুটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়।

কলকাতা হাইকোর্টের এই রায়কে স্বাগত জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বাইট

এদিকে বেলডাঙায় অশান্তির ঘটনায় আরও ৫ জনতকে গ্রেপ্তার করেছে পুলিশ এই নিয়ে ধৃতের সংখ্যা বেড়ে হল ৩৬। ফেসবুক পেজের ভিডিও থেকেই এদের সনাক্ত করা হয়েছে।

------------------

সল্টলেকের দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যাকে অপরহণ ও খুনের মামলায় সুপ্রিম কোর্টের আত্মসমর্পনের নির্দেশের ২৪ ঘন্টার মধ্যেই, রাজ্য সরকার জলপাইগুড়ির রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনকে তার পদ থেকে সরিয়ে দিয়েছে। তার জায়গায় দায়িত্ব পেয়েছেন ঐ ব্লকের যুগ্ম-বিডিও সৌরভকান্তি মন্ডল।

উল্লেখ্য গত বছরের অক্টোবরে নিউটাউনের যাত্রাগাছি থেকে স্বপনের দেহ উদ্ধার হয়। মূল অভিযুক্ত হিসাবে নাম জড়ায় প্রশান্ত বর্মনের। গতকালই শীর্ষ আদালত প্রশান্তর আগাম জামিন খারিজ করে আগামী শুক্রবারের মধ্যে বিধাননগর আদালতে আত্মসমর্পন করার নির্দেশ দেয়।

-------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে শুনবেন বিশেষ আলোচনা “শক্তিক্ষেত্রে আজকের ভারত"। সত্যেন বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সাইন্সের ডিরেক্টর ডঃ তনুশ্রী সাহা দাশগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-------------------

রাজ্যের বিভিন্ন সংস্থার তৈরি ৪৫ টি ওষুধের নির্দিষ্ট কিছু ব্যাচ গুণমান পরীক্ষায় ব্যর্থ হয়েছে। ইতোমধ্যেই সেই তালিকা প্রকাশ করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। গত মাসে নমুনা সংগ্রহ করে ল্যাবরেটরিতে পরীক্ষার পর পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস-এর তৈরি রিঙ্গার্স ল্যাক্টেট স্যালাইন ছাড়াও হাওড়ার উলুবেরিয়ার লাইফ ফার্মাসিউটিক্যালস প্রাইভেট লিমিটেড এর তৈরি ক্রোমোস্ট্যান্ট ইঞ্জেকশন, জগাছার ডায়মন্ড ড্রাগস এর তৈরি ড্রায়েড

অ্যালুমিনিয়াম হাইড্রক্সাইড, কলকাতার এক সংস্থা সানি ইন্ড্রাষ্ট্রিজ এর পটাশিয়াম ক্লোরাইড ও ওষুধ প্রস্তুতকারী সংস্থা ক্যাপলেট ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড এর তৈরি ওরাল রিহাইড্রেশন সল্টস-ওআরএস-ও গুণমান পরীক্ষায় ব্যর্থ হয়েছে।

তালিকায় রয়েছে হিমাচল প্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, উত্তরাখন্ড, গুজরাট সহ অন্যান্য রাজ্যের সংস্থার তৈরি ওষুধও। ইতিমধ্যেই খোলা বাজারে থাকা  ওষুধগুলি তুলে নেওয়ার কথা বলা হয়েছে।

------------------

২০১১ সালের পর ৪৯তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় এবার অংশ নিচ্ছে চীন। তবে শেষ মুহূর্তে বাজেট সংকুলান না থাকার কারণ দেখিয়ে মেলা থেকে সরে দাঁড়িয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। আজ কলকাতা বইমেলা প্রাঙ্গণে সাংবাদিক বৈঠকে পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের সাধারণ সম্পাদক ত্রিদিব কুমার চট্টোপাধ্যায় জানিয়েছেন, আগামী বৃহস্পতিবার বিকেল চারটেয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, বইমেলার উদ্বোধন করবেন।

বাইট

উপস্থিত থাকবেন এবারের ফোকাল থিম কান্ট্রি আর্জেন্টিনার বিশিষ্ট সাহিত্যিক গুস্তাবো কানসোব্রে , বিশিষ্ট সাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তী সহ রাজ্য মন্ত্রিসভার সদস্যরা। গিল্ড সভাপতি সুধাংশু শেখর দে জানান, উদ্বোধনের দিন সাহিত্যিক স্বপ্নময় চক্রবর্তীকে জীবনব্যাপী সাহিত্য সম্মান প্রদান করা হবে। মেলায় বরিষ্ঠ নাগরিক দিবস ' চির তরুণ' উদযাপিত হবে ৩০ শে জানুয়ারি।

------------------

রাজ্য প্রশাসনের শীর্ষ স্তরে সচিব পর্যায়ে আজ বেশ কিছু রদবদল করা হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে জারি হওয়া বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের দায়িত্ব দেওয়া হয়েছে সুরেন্দ্র গুপ্তাকে। তিনি বর্তমানে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের সচিব পদে রয়েছেন। ওই দপ্তরের পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব হিসেবে খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরও সামলাবেন তিনি। খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের বর্তমান সচিব স্মারকি মহাপাত্রকে সর্বশিক্ষা মিশন এবং গ্রন্থাগার দপ্তরের সচিব করা হয়েছে। এতদিন ওই দপ্তরের দায়িত্বে থাকা রাজেশ কুমারকে সংশোধনাগার দপ্তরের সচিব পদে নিয়োগ করা হয়েছে। অপালা শেঠকে আদিবাসী উন্নয়ন দপ্তরের সিনিয়র স্পেশাল সেক্রেটারি করা হয়েছে।

উল্লেখ্য, সংশোধনাগার দপ্তরের সচিবের অতিরিক্ত দায়িত্ব এতদিন উত্তরবঙ্গ দপ্তরের সচিব দুষ্মন্ত নারিয়ালের উপর ছিল। নতুন নিয়োগের ফলে সেই অতিরিক্ত দায়িত্ব থেকে তিনি অব্যাহতি পেলেন।

অন্যদিকে, আইজি রেজিস্ট্রেশন ও স্ট্যাম্প রেভিনিউয়ের কমিশনার পবন কাদিয়ানকে ট্রেজারি অ্যান্ড অ্যাকাউন্টস দপ্তরের ডিরেক্টর করা হয়েছে। এই দায়িত্বটিও তিনি অতিরিক্ত পদ হিসেবেই সামলাবেন।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্ল্যাটফর্ম ফর প্রো-অ্যাকিটভ গভর্নেন্স অ্যান্ড টাইমলি ইমপ্লিমেনটেশন অর্থাৎ ‘প্রগতি’ (PRAGATI)র আওতায় বর্তমানে প্রায় ৩ লক্ষ কোটি টাকার ১৩৪ টি প্রকল্পের ওপর নজর রাখা হচ্ছে বলে কয়লা মন্ত্রক জানিয়েছে। এই প্রকল্পগুলোর লক্ষ্য দেশের কয়লা উৎপাদন বৃদ্ধি ও পর্যাপ্ত জ্বালানি যোগান দেওয়া। এই

১৩৪ টি প্রকল্পের মধ্যে ১৬ টি বিশেষ প্রকল্প প্রগতি প্ল্যাটফর্মের আওতায় প্রধান মন্ত্রী খতিয়ে দেখছেন।

প্রগতি প্ল্যাটফর্ম শুরুর দিন থেকে সরকারি পরিকাঠামো মূলক প্রকল্প সংক্রান্ত সমস্যা ও এই প্রসঙ্গে জনসাধারণের অভিযোগ গুলোকে সরাসরি প্রধানমন্ত্রীর পর্যালোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করছে। এই প্ল্যাটফর্মের মাধ্যমে কেন্দ্র, রাজ্য ও কেন্দ্রীয় মন্ত্রীদের একটি একক ডিজিটাল ইন্টারফেসের আওতায় আনা সম্ভব হয়েছে।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

------------------

মাস্টারদা সূর্য সেন মেট্রো স্টেশনে আজ সন্ধ্যায় এক ব্যক্তির আত্মহত্যা চেষ্টা করলে ব্লু লাইনে সাময়িক ট্রেন চলাচল ব্যাহত হয়। এর জেরে টালিগঞ্জে মহানায়ক উত্তম কুমার

স্টেশন থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত মেট্রো চলাচল করছিল। আধঘন্টা পর পরিষেবা স্বাভাবিক হয়।

------------------

শীতের আমেজ থাকলেও মাঘের প্রথম সপ্তাহেই দিনের তাপমাত্রা স্বাভাবিকের ওপরে পৌঁছেছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস যা প্রায় স্বাভাবিক।

অন্যদিকে, সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের ওপরে। দার্জিলিং, পাহাড়ি এলাকা ছাড়া সারা রাজ্যেই আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০ ডিগ্রি বা তার বেশি। আগামী দুদিন পর্যন্ত তাপমাত্রা বিশেষ পরিবর্তন না হলেও সরস্বতী পূজার দিন থেকে আবার তাপমাত্রার পারদ কিছুটা হ্রাস পেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

------------------ ------------------